মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd
E-mail : dinajpureducationboard@gmail.com

স্মারক নং ঃ মাউশিবোদি/বিনি/রেজি-বিতরণ/২০১৭/১০১৬(৩৩০০) **তারিখ ঃ** ০৪/১২/২০১৭খ্রিঃ

বিষয় ঃ এসএসসি-২০১৮ সালের রেজিস্ট্রশন কার্ড গ্রহণ ও e-SIF এর হার্ডকপি (এসএসসি-২০১৯) শিক্ষা বোর্ডে জমাদান প্রসঙ্গে ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন মাধ্যমিক বিদ্যালয়সমুহের অধ্যক্ষ/প্রধান শিক্ষকদের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, নিম্নের ছকে উল্লিখিত সময়সূচী অনুযায়ী ২০১৮ সালের এসএসসি পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড গ্রহণ করা হবে। স্ব-স্ব বিদ্যালয়ের টপশিটে উল্লিখিত সিরিয়াল মোতাবেক এসএসসি-২০১৮ এর রেজিঃ কার্ড না পেলে রেজিস্ট্রেশন বিতরণের তারিখ হতে ০৭(সাত) দিনের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানদেরকে শিক্ষা বোর্ডের নিবন্ধন শাখাতে আবেদন জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো। অত্র বিজ্ঞপ্তি প্রকাশের নির্ধারিত তারিখের মধ্যে রেজিষ্ট্রেশনের ছবি, বিষয় কোড ও লিঙ্গ সংশোধন করার জন্য স্ব-স্ব প্রতিষ্ঠান প্রধানকে শিক্ষা বোর্ডের রেজিস্ট্রেশন শাখাতে আবেদন করার জন্য অনুরোধ করা হলো। প্রত্যেক প্রতিষ্ঠান প্রধান স্ব-স্ব বিদ্যালয়ের মুড়ি অংশ লাল রঙের কাপড়সহ পেস্টিং করা বাইন্ডিং পেপার দিয়ে বাইন্ডার দ্বারা বাঁধাই পূর্বক মুড়ি বই জমা দিবেন। টপশিটে উল্লিখিত সংখ্যা অনুযায়ী রেজিস্ট্রেশন কার্ডের শিক্ষার্থীর অংশ স্ব-স্ব বিদ্যালয়ে জমা থাকবে । শুধুমাত্র মুড়ি অংশ বাঁধাই করে শিক্ষা বোর্ডের নিবন্ধন শাখাতে জমা দিতে হবে । স্ব-স্ব বিদ্যালয়ের প্রধান শিক্ষক প্রদেয় টপশিট/হার্ডকপিতে উল্লিখিত সংখ্যা অনুযায়ী সিরিয়াল মোতাবেক যতটি রেজিঃ কার্ড গ্রহণ করবেন ঠিক ততটি রেজিঃ কার্ড মুড়ি বইতে বাঁধাই করতে হবে। কোন শিক্ষার্থীর রেজিঃ কার্ডের মুড়ি অংশ বাদ দিয়ে মুড়িবই বাঁধাই করা যাবে না। অন্যথায় মুড়িবই সংক্রান্ত যে কোন জটিলতার জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান এককভাবে দায়ী থাকবেন। উল্লেখ্য রেজিঃ কার্ডে প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষরের নিচে সীল ব্যাবহার করার প্রয়োজন নেই।

১। উপজেলা অনুযায়ী রেজিঃ কার্ড (এসএসসি-২০১৮) বিতরণ ও মুড়ি বই গ্রহণ এবং e-SIF এর হার্ডকপি(এসএসসি-২০১৯) শিক্ষা বোর্ডে গ্রহণের তারিখ ঃ

ক্রঃ নং	e-SIF (হার্ড কপি) জমাদানকারি উপজেলার নাম	রেজিঃ কার্ড বিতরণ ও e-SIF এর হার্ডকপি (এসএসসি-২০১৯) জমাদানের তারিখ	রেজিঃ কার্ড সংশোধনী জমা দেয়া শুরু	সংশোধনী জমা দেয়ার শেষ তারিখ	বাঁধাইকৃত মুড়িবই জমা দেয়ার তারিখ।
০১	রংপুর সদর, সাদুল্যাপুর, নীলফামারী সদর, হরিপুর, দিনাজপুর সদর,রৌমারী ও রাজিবপুর	১০/১২/২০১৭			১৪/০১/২০১৮
০২	বদরগঞ্জ, গাইবান্ধা সদর, সৈয়দপুর, ঠাকুরগাও সদর, হাকিমপুর, বিরামপুর, কুড়িগ্রাম সদর	১১/১২/২০১৭			১৫/০১/২০১৮
০৩	মিঠাপুকুর,পলাশবাড়ি, ডোমার, রানীসনকৈল, ঘোড়াঘাট, ফুলবাড়ি(দিন), ও রাজারহাট	১২/১২/২০১৭			১৬/০১/২০১৮
০৪	তারাগঞ্জ,সাঘাটা,ডিমলা,পীরগঞ্জ(ঠাক), বালিয়াডাঙ্গী, নবাবগঞ্জ ও ফুলবাড়ি (কুড়ি)	১৩/১২/২০১৭			১৭/০১/২০১৮
০৫	কাউনিয়া, সুন্দরগঞ্জ, কিশোরগঞ্জ, আদিতমারি, কালিগঞ্জ, বোচাগঞ্জ ও নাগেশ্বরী	১৪/১২/২০১৭	১৭/১২/২০১৭	৩১/১২/২০১৭	১৮/০১/২০১৮
০৬	পীরগঞ্জ(রং), ফুলছড়ি, জলঢাকা, লালমনিরহাট সদর,বোদা,চিরিরবন্দর,পার্বতীপুরও ভুরুঙ্গামারি	১৭/১২/২০১৭			২১/০১/২০১৮
০৭	গংগাচড়া,গোবিন্দগঞ্জ, আটোয়ারী, পঞ্চগড় সদর, পাটগ্রাম, কাহারোল, খানসামা ও চিলমারি	১৮/১২/২০১৭			২২/০১/২০১৮
০৮	পীরগাছা, দেবীগঞ্জ, তেঁতুলিয়া,হাতিবান্ধা, বিরল, বীরগঞ্জ ও উলিপুর	১৯/১২/২০১৭			২৩/০১/২০১৮

নির্দেশনাবলী ঃ

১। এসএসসি-২০১৮ রেজিস্ট্রেশন কার্ডে শিক্ষার্থীর ছবি, বিষয় কোড ও লিঙ্গ সংশোধনের জন্য শিক্ষা বোর্ডের নির্ধারিত **"ফরম-৫"** পুরণ করে ১৭/১২/২০১৭ থেকে ৩১/১২/২০১৭ তারিখের মধ্যে শিক্ষার্থী প্রতি ১০০/- টাকা হারে সোনালী সেবাসহ সংশোধনী আবেদন রেজিস্ট্রেশন শাখায় জমা দিতে হবে। পরীক্ষা চলাকালীন সময়ে শিক্ষার্থী প্রতি ২০০/- টাকা হারে এবং পরীক্ষা শেষ হবার পর থেকে ফলাফল প্রকাশের পূর্ব দিন পর্যন্ত শিক্ষার্থী প্রতি ৪০০/- টাকা হারে সোনালী সেবাসহ শুধুমাত্র বিষয় কোড ও লিঙ্গ সংশোধনের আবেদন রেজিস্ট্রেশন শাখায় আবেদন জমা দিতে হবে। পরবর্তী সময়ে কোন প্রকার সংশোধনী গ্রহন করা হবে না।

২। রেজিস্ট্রেশন কার্ডে শিক্ষার্থীর ছবি সংশোধন করতে হলে সংশ্লিষ্ট শিক্ষার্থীর দুই কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবিসহ আবেদন করতে হবে। ছবির পিছনে স্কুলের EIIN/কোড এবং শিক্ষার্থীর রেজিঃ নং লাল কালির কলম দিয়ে লিখে রেজিঃ কার্ডের ফটোকপিতে সংযুক্ত করতে হবে। রেজিঃ কার্ডের ফটোকপিতে লাল কালির কলম দিয়ে "ছবি পরিবর্তন"লিখে দিতে হবে।

৩। রেজিস্ট্রেশন কার্ডের মুড়ির অংশ রেজিষ্টার খাতার মত লাল রঙের কাপড় পেষ্টিং করা বাইন্ডিং পেপার দিয়ে বাইন্ডার দ্বারা বাঁধাই করে জমা দিতে হবে।

৪। রেজিস্ট্রেশন কার্ড সংশোধনের জন্য সংশ্লিষ্ট শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপিতে ভুল অংশ কেটে সঠিক অংশ **লাল কালির কলম** দিয়ে লিখে সংশোধনী ফরম-৫ পুরণ করে শিক্ষা বোর্ডের নিবন্ধন শাখাতে জমা দিতে হবে।

৫। কেন্দ্র সচিবদেরকে তাঁর কেন্দ্রের আওতাধীন প্রত্যেক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের নিকট অত্র বিজ্ঞপ্তির কপি বিতরণসহ প্রত্যেক প্রধান শিক্ষককে জানানোর জন্য বিশেষভাবে অনুরোধ করা হ'ল।

৬। যে সকল শিক্ষার্থীর e-SIF আছে কিন্তু রেজিঃকার্ড পায়নি তাদের e-SIF ও e-FF এর ফটোকপি ও মুল একাডেমিক ট্রান্সক্রিপ্ট সহ দুইকপি আবেদন সংশ্লিষ্ট শাখাতে জমা দিতে হবে।

৭। কোন শিক্ষার্থীর নাম/পিতার নাম/মাতার নাম/বয়স সংশোধন করতে হলে নাম ও বয়স সংশোধন শাখা হতে প্রাপ্ত নাম ও বয়স সংশোধন সংক্রান্ত পত্রের ফটোকপি সহ যথাযথ ভাবে আবেদন করতে হবে।

৮। রেজিস্ট্রেশন কার্ড সংশোধনের জন্য সংশ্লিষ্ট শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপিতে ভুল অংশ কেটে সঠিক অংশ লাল কালির কলম দিয়ে লিখে সংশোধনী ফরম-৫ পুরণ করে শিক্ষা বোর্ডের নিবন্ধন শাখাতে জমা দিতে হবে, সংশোধনের জন্য "ফরম-৫" ছাড়া কোন প্রকার আবেদনের প্রয়োজন নাই ।

নিম্ন-লিখিত কর্মচারীর নিকট হতে রেজিঃ কার্ড গ্রহণ ও রেজিঃ কার্ডের মুড়ি বই (বোর্ডের অংশ) জমা করবেন ঃ

ক্রঃ নং	জেলার নাম	দায়িত্ব প্রাপ্ত কর্মচারীর নাম ও পদবী	রুম নং	মোবাইল নং
০১	গাইবান্ধা	মোঃ আব্দুল্লাহ আল-মামুন,উচ্চমান সহকারি	১১০১	০১৭১০-৫৫৮২৯৩
০২	কুড়িগ্রাম	মোঃ মামুনুর রশিদ(সুইট),নিম্নমান সহকারি		০১৭১৬-৭২১৬৫৫
০৩	দিনাজপুর	মোঃ ওবায়দুর রহমান, নিম্নমান সহকারি		০১৭৪৮-৯৯১২৭৯
০৪	রংপুর	মোঃ নুরুজ্জামান, সেকশন অফিসার	১১০২	০১৭১৮-৯৩৭১২১
০৫	লালমনিরহাট ও ঠাকুরগাও	মোঃ তরিকুল ইসলাম, নিম্নমান সহকারি		০১৭২৬-৮৯৮৪৬৫
০৬	নীলফামারী ও পঞ্চগড়	মোঃ শহিদুল ইসলাম,নাম্বারিং মেশিন অপারেটর		০১৭১২-২৫৬৪৬৬

উল্লিখিত কর্মচারী ব্যতীত অন্য কারও নিকট মুড়ি বই জমা দিলে মুড়ি বই সংক্রান্ত যে কোন জটিলতার জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান একক ভাবে দায়ী থাকবেন। রেজিঃ কার্ড সংশোধনের ক্ষেত্রে আরো দায়ীত্বশীল হওয়ার জন্য প্রত্যেক প্রধান শিক্ষককে বিশেষভাবে অনুরোধ করা হলো। এসএসসি-২০১৮ পরীক্ষার মুড়ির অংশ লাল রঙের কাপড় পেষ্টিং করা বাইন্ডিং পেপার দিয়ে বাইন্ডার দ্বারা বাঁধাই করে স্ব-স্ব প্রতিষ্ঠান প্রধান এর মাধ্যমে শিক্ষা বোর্ডের নিবন্ধন শাখার দায়িত্ব প্রাপ্ত কর্মচারীর নিকট জমা দিয়ে রিসিভ কপি নেয়ার জন্য অনুরোধ করা হলো।

যে সকল বিদ্যালয়ের রেজিস্ট্রেশন কার্ড সংশোধনী থাকবে সে সকল বিদ্যালয় সংশোধীত রেজিঃ কার্ড পাওয়ার পরে সংশোধিত মুড়িসহ মুড়িবই নির্ধারিত তারিখের পরে জমা দিতে পারবেন।

০৪/১২/২০১৭
(রবীন্দ্র নারায়ণ ভট্টাচার্য্য)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর
ফোন ঃ ০৫৩১-৫১৮৮৩ (অফিস) ।

অধ্যক্ষ/প্রধান শিক্ষক
অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন
সকল মাধ্যমিক বিদ্যালয়।

স্মারক নং ঃ মাউশিবোদি/বিনি/রেজি-বিতরণ/২০১৭/**১০১৬(৩৩০০)** **তারিখ ঃ** ০৪/১২/২০১৭খ্রিঃ

অনুলিপি ঃ সদয় অবগতি ও কার্যার্থে-
০১। সচিব, অত্র শিক্ষা বোর্ড।
০২। পরীক্ষা নিয়ন্ত্রক, অত্র শিক্ষা বোর্ড।
০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কম্পিউটার কেন্দ্র, রাজশাহী শিক্ষা বোর্ড, রাজশাহী।
০৪। হিসাবরক্ষণ কর্মকর্তা, অত্র শিক্ষা বোর্ড।
০৫। চেয়াম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
০৬। Website Copy।
০৭। অফিস নথি।

০৪/১২/২০১৭
(মোঃ আলতাফ হোসেন)
উপ-বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।
ফোন ঃ ০৫৩১-৫১৯৭১ (অফিস) ।

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd
E-mail : dinajpureducationboard@gmail.com

তারিখ ঃ..............................

এসএসসি-২০১৮ রেজিস্ট্রেশন সংশোধনী ফরম-৫

অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীদের নিম্নে উল্লিখিত তথ্যানুযায়ী রেজিস্ট্রেশন কার্ড সংশোধন করা প্রয়োজন। **(মূল রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি লাল কালির কলম দ্বারা ভুল অংশ কেটে দিয়ে পুরো সংশোধনী অংশ লিখে আবেদনের সাথে সংযুক্ত করতে হবে , সংশোধনী জন্য**"ফরম-৫" ছাড়া কোন প্রকার আবেদনের প্রয়োজন নাই ।

(সকল প্রকার সংশোধনীর জন্য ০২(দুই) সেট আবেদন রেজিঃ শাখায় জমা দিতে হবে এবং সংশোধনী গ্রহনের সময় জমাকৃত আবেদন প্রদর্শন পূর্বক সংশোধনী প্রদান করা হবে ।)

(সকল তথ্য ইংরেজি বড় অক্ষরে পুরণ করতে হবে)

EIIN	CODE NO	INSTITUTE NAME	ZILA

ক্রঃ নং	রেজিস্ট্রেশন নম্বর	ভুলের ধরণ	ভুল অংশ	সংশোধিত অংশ
০১				
০২				
০৩				
০৪				
০৫				

উপরোক্ত রেজিস্ট্রেশন কার্ড সংশোধন করার জন্য অনুরোধ করা হলো।

বিদ্যালয় পরিদর্শক/উপ-বিদ্যালয় পরিদর্শক
স্বাক্ষর ও তারিখ

শাখাঅফিসার/উচ্চমান সহকারী /নিম্নমান সহকারী
স্বাক্ষর ও তারিখ

সীলসহ প্রতিষ্ঠান প্রধানের
স্বাক্ষর ও তারিখ